

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স শেষ বর্ষের ফল প্রকাশ



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১৫ জুলাই ২০২৪ | ০৬:৩০



জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০২১ সালের মাস্টার্স শেষ বর্ষের পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এ পরীক্ষায় পাসের হার ৬৬ দশমিক ৩০ শতাংশ।

রোববার সন্ধ্যায় এ ফল প্রকাশের কথা জানানো হয়। তবে এদিন রাত ৮টা থেকে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [\(www.results.nu.ac.bd\)](http://www.results.nu.ac.bd) থেকে ফল জানতে পারবেন।



বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দণ্ডের থেকে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়, ২০২১ সালের মাস্টার্স শেষ বর্ষের পরীক্ষায় অংশ নেন মোট ১ লাখ ৭৮ হাজার ১৬৮ জন পরীক্ষার্থী। তাদের মধ্যে পাস করেছেন ১ লাখ ১৮ হাজার ১২১ জন। পাসের হার ৬৬ দশমিক ৩০ শতাংশ।